

বিষয়ঃ নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুরে উদ্ভাবনী কর্মকাণ্ডের বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব অরুণ চন্দ্র মহোত্তম, পরিচালক (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	:	০৮/০৭/২০২০খ্রিঃ
সভার সময়	:	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	:	পরিচালক (প্রশাসন ও অর্থ) এর অফিস কক্ষে।
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক
মন্ত্রিপরিষদের চিঠি	:	সংযুক্তি-১


সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জনাব মোঃ মাসুদুজ্জামান, সহকারী প্রোগ্রামার বলেন যে, মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক উদভাবন কর্ম-পরিকল্পনা সংক্রান্ত ২০২০-২০২১ অর্থ বছরের জন্য প্রস্তুতকৃত খসড়ার উপর কোন মতামত/পরামর্শ থাকলে তা মন্ত্রিপরিষদ বিভাগ eg-sec2@cabinet.gov.bd ঠিকানায় পাঠাতে হবে। জনাব মোঃ মাসুদুজ্জামান, সহকারী প্রোগ্রামার ইনোভেশন টিমের সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অধিদপ্তর/সংস্থার বার্ষিক উদভাবন কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা ২০২০-২০২১ এর ২ নং খ (সংযুক্তি-১) এর উদ্দেশ্য, বিষয় ও সূচক নিয়ে আলোচনা শুরু করেন। উক্ত আলোচনান্তে ক্রম ১ অনুযায়ী বার্ষিক উদভাবন কর্ম-পরিকল্পনা প্রণয়ন, মন্ত্রণালয়ে প্রেরণ ও নগই'র বাতায়নে আপলোড করলে সকলে একমত পোষন করেন। ইনোভেশন টিমের সভা ও ইনোভেশন কার্যক্রম সম্পাদনের নিমিত্তে প্রত্যেক ত্রৈমাসিক ১টি করে সভা ও অর্থ বরাদ্দের জন্য মন্ত্রণালয়ে জানানোর বিষয়ে মতামত প্রদান করেন। উদভাবন স্বক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইনোভেশন টিমের সভাপতি মহোদয় বলেন যে, সেবা সহজীকরণের বিষয়ে সেমিনার/প্রশিক্ষণ এ বছরের শেষে অথবা আগামী বছরের শুরুতে কোভিড-১৯ এর পরিস্থিতির উপর ভিত্তি করে আয়োজন করা যেতে পারে। নগই'র স্বীয় দপ্তরে উদ্ভাবনী ধারণা প্রদানের লক্ষ্যে সকল দপ্তরে দপ্তরাদেশ পাঠানোর উপরে আলোচনা হয়। নগই'র উদ্ভাবিত "Solid Waste Management at RRI" এর কার্যক্রম চলমান রয়েছে বলে মোঃ মনিরুজ্জামান, বৈজ্ঞানিক কর্মকর্তা জানান। উদ্ভাবনী শোকেচিং এর ক্ষেত্রে নগই'র উদ্ভাবনী আইডিয়াকে ছোট ছোট Demo/Replica তৈরি করার বিষয়ে আলোচনা হয়। সকল তথ্য হালনাগাদ ও ওয়েব সাইটে আপলোডের জন্য জনাব মোঃ মাসুদুজ্জামান, সহকারী প্রোগ্রামারকে দায়িত্ব দেয়া হয়। ডিজিটাল সেবা তৈরি ও তা বাস্তবায়নের জন্য আলোচনা হয়। উক্ত আলোচনান্তে জনাব মোঃ মাসুদুজ্জামান, সহকারী প্রোগ্রামার বলেন ২০২০-২০২১ অর্থবছরে নগই'র সার্ভার স্থাপন করার প্রক্রিয়া সম্পন্ন না হলে তৃতীয় পক্ষের মাধ্যমে ডোমেন ও হোস্টিং এর মাধ্যমে কমপক্ষে ১টি সেবা সহজীকরণ করা সম্ভব হবে বলে মতামত ব্যক্ত করেন। উদ্ভাবনী কার্যক্রম পরিবীক্ষনের লক্ষ্যে একটি কমিটি গঠনের জন্য সকলেই একমত পোষন করেন। সর্বশেষে নগই'র উদ্ভাবনী আইডিয়া বা ধারণা বা উদ্দ্যোগের ডকুমেন্টেশন বা প্রকাশনায় সংযোজন করার বিষয়ে সকলেই একমত পোষন করেন। উক্ত সভায় মন্ত্রণালয় হতে প্রেরিত প্রস্তুতকৃত খসড়ার উপর সহমত পোষন করার বিষয়ে সকলেই একমত পোষন করেন।

৬৩

২। আলোচনান্তে সভার নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১।	বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা প্রণয়ন, মন্ত্রণালয়ে প্রেরণ ও নগই'র বাতায়নে আপলোড করনে সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ মাসুদুজ্জামান, সহকারী প্রোগ্রামার
২।	ইনোভেশন টীমের সভার আহ্বান ও ইনোভেশন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে টাকা বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক
৩।	উদ্ভাবন স্বক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার/প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ মাসুদুজ্জামান, সহকারী প্রোগ্রামার ও মোঃ মনিরুজ্জামান, বৈজ্ঞানিক কর্মকর্তা
৪।	Solid Waste Management at RRI এর কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টীমের উপ- কমিটির সদস্যবৃন্দ
৫।	ত্রৈমাসিক রিপোর্ট প্রদান ও প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ মাসুদুজ্জামান, সহকারী প্রোগ্রামার
৬।	উদ্ভাবনী শোকেটিং এর আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টীমের উপ- কমিটির সদস্যবৃন্দ
৭।	নগইতে সেবা সহজীকরনের লক্ষ্যে কমপক্ষে ১টি সেবা সহজীকরনের জন্য ডোমেইন হোস্টিংসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ মাসুদুজ্জামান, সহকারী প্রোগ্রামার
৮।	উদ্ভাবনী কার্যক্রম পরিবীক্ষনের লক্ষ্যে একটি কমিটি গঠনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
৯।	নগই'র উদ্ভাবনী আইডিয়া বা ধারণা বা উদ্দ্যোগের ডকুমেন্টেশন বা প্রকাশনায় সংযোজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব মোঃ মাসুদুজ্জামান, সহকারী প্রোগ্রামার ও মোঃ আজমল হোসেন ফকির, লাইব্রেরীয়ান

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৬/০৭/২০২০

(মোঃ মাসুদুজ্জামান)
সহকারী প্রোগ্রামার
নগই, ফরিদপুর।

(মোঃ মনিরুজ্জামান)
বৈজ্ঞানিক কর্মকর্তা
নগই, ফরিদপুর।


০৬/০৭/২০২০

(অরুণ চন্দ্র মহোত্তম)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
নগই, ফরিদপুর।